

সহস্রাধিক ছাত্র-ছাত্রী আজ ঢাবির 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারছে না

বিদ্যাবিদ্যালয় রিপোর্টার : ঢাকা
বিদ্যাবিদ্যালয়ের বাণিজ্য অনুষদ কর্তৃপক্ষের
সামর্থ্যপ্রাপ্তি পনার কারণে প্রায় সহস্রাধিক
স্বার্থী ছাত্র-ছাত্রী আজ (৩০-বার)
বিদ্যাবিদ্যালয়ের 'গ' ইউনিটের ভর্তি
পরীক্ষায় অংশ নিতে পারছে না। কোচিং
সেন্টারের মাধ্যমে ভর্তি ফরম জমা দেয়ার
অভিযোগে এসব ছাত্র-ছাত্রীকে ভর্তি
পরীক্ষায় প্রবেশপত্র দেয়া হয়নি। ফলে
মেধা যাচাইয়ের আগেই তাদের উচ্চ
শিক্ষার উদ্যোগ অনির্ভিত হয়ে পড়লো।

৪-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

ঢাবির ভর্তি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর
এসব ছাত্র-ছাত্রী ঢাকার বাইরে গ্রামাঞ্চলের
অধিবাসী হওয়ায় তারা যাত্রামার্গে ও ঢাকায়
থাকা-খাওয়া ব্যবস্থা হাজার টাকার খরচ
এড়াতে এলাকার কোচিং সেন্টারের মাধ্যমে
মাত্র ৫০ টাকা ফীতে এই ফরম ঢাকা
বিদ্যাবিদ্যালয়ের 'গ' অনুষদে জমা দিতে
পাঠায়। অনুষদের কর্মকর্তা-কর্মচারীরা
ফরমগুলো জমা রেখে দিলেও কোন
প্রবেশপত্র সরবরাহ করেনি।

অভিযোগ পাওয়া গেছে, ঢাকার বাইরে
থাকা ভর্তি এই বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী
তাদের সুবিধার্থে 'ব' এলাকার বিভিন্ন
কোচিং সেন্টারের মাধ্যমে ভর্তি ফরম পূরণ
করে। ভর্তি ফরম অনুষদের কার্যালয়ে জমা
দেয়ার সময় ফরমের পেছনে সংশ্লিষ্ট কোচিং
সেন্টারতালিকা সীল দেয়া ছিল। বিজ্ঞান
অনুষদ ও কলা অনুষদে এ ধরনের একই

ভর্তি ফরম জমা দেয়া হলেও বাণিজ্য
অনুষদের কর্মকর্তারা কোচিং সেন্টারের সীল
লাগানো ভর্তি ফরমগুলো জমা নিয়ে পরে
তা বাতিল করে দেয়। সূত্র জানায়, এভাবে
প্রায় এক হাজার ভর্তি ফরম বাতিল করে
দেয়ার ছাত্র-ছাত্রীরা তাদের প্রবেশপত্র
পায়নি। ভর্তি ছাত্র-ছাত্রীরা গতকাল
কোচিং সেন্টার থেকে প্রবেশপত্র নিতে এসে
জানতে পারে যে, তাদের ভর্তি ফরম বাতিল
করা হয়েছে। একথা শুনে তাদের মাথায়
যেন আকাশ ভেঙ্গে পড়ে। উল্লেখিত ছাত্র-
ছাত্রীরা ছুটে আসে ডীন অফিসে। কিন্তু ডীন
অফিস থেকে জানানো হয় যে, কোচিং
সেন্টারের মাধ্যমে সিরিয়াল নম্বর মিলিয়ে
ফরম জমা দেয়ার কারণে তাদের ফরম
বাতিল করা হয়েছে। অনেকে ভিসির কাছে
গিয়ে এ ব্যাপারে অভিযোগ করলে তিনি
বাণিজ্য অনুষদের ডিনের সাথে যোগাযোগ
করতে বলেন। কিন্তু ডীন ছাত্রদের
প্রবেশপত্রের কোন ব্যবস্থা করতে
পারেননি। এ ব্যাপারে ডিনের সাথে
যোগাযোগ করতে চাইলে তার অফিসের
এক কর্মকর্তা জানান, কোচিং সেন্টারের
মাধ্যমে সিরিয়াল নম্বর মিলিয়ে ফরম জমা
দেয়ার অভিযোগে কয়েকশ ফরম বাতিল
করা হয়েছে। তিনি জানান, বাতিল করার
পর এ সব কোচিং সেন্টারকে বন্ধ হয়েছিল
নতুন ফরম কিনে জমা দেয়ার জন্য।
অন্যান্য অনুষদে কোচিং সেন্টারের মাধ্যমে
জমা দেয়া ফরম গ্রহণ করে প্রবেশপত্র দেয়া
হলেও বাণিজ্য অনুষদে কোন প্রবেশপত্র
দেয়া হয়নি। এ ব্যাপারে ডীন অফিস কোন
সদৃশ্য দিতে পারেনি। শুধু চট্টগ্রামের প্রায়
৫০ ছাত্র-ছাত্রী এরকম ভর্তি পরীক্ষায়
অংশগ্রহণের সুযোগ থেকে বঞ্চিত হয়েছে
বলে জানা গেছে।

আজ বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত 'গ'
ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত ৭০৮টি
আসনের বিপরীতে ১৮ হাজার ৫৪০ জন
ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে।
প্রতিটি আসনে গড়ে ২৭ জন ছাত্র-ছাত্রী
প্রতিদ্বন্দ্বিতা করছে।